**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে লোকসভার দুটি আসন ও রামনগর বিধানসভা উপনির্বাচন ভোট গণনার জন্য মোট ৩১ জন গণনা পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে ।**

**(২) আগরতলায় থেকে আজ দূরপাল্লার ট্রেন চলাচল শুরু হচ্ছে ।**

**(৩) অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্যায়ের ভোটগ্রহণ আজ শেষ হয়েছে । ভোটের হার ৫৯ শতাংশ ।**

**(৪) ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরের আসরে চলমান সংঘ চ্যাম্পিয়ন ও কসমোপলিটন ক্লাব রানার্স হয়েছে।**

**************************************

**CEO :**

সারা দেশের সঙ্গে আগামী চৌঠা জুন রাজ্যের দুটি লোকসভা আসনে ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে আজ রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়ালের পৌরহিত্যে আগরতলায় এক সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। বৈঠকে শ্রী আগরওয়াল বলেন, ঐদিন রামনগর বিধানসভা আসনের উপনির্বাচনের ভোট গণনাও

সম্পন্ন হবে। রাজ্যের মোট ২০টি স্থানে ৬০টি গণনাকেন্দ্রে সকাল ৮টা থেকে ভোটগণনা শুরু হবে। রাজ্যের প্রতিটি গণনা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকবে। ৬০টি বিধানসভা ক্ষেত্রের অতিরিক্ত রিটার্নিং অফিসারের তত্বাবধানে ভোট গণনা হবে। তিনি জানান, ত্রিপুরা পশ্চিম লোকসভা আসনে ইভিএমে ভোট পড়েছে ৮১.৪৮ শতাংশ এবং পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ইভিএম-এ ভোট পড়েছে ৮০.৩৬ শতাংশ। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ২০,২৮৩টি, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ১৪,৩৬৪টি এবং রামনগর বিধানসভা আসনে উপনির্বাচনের ১১০১টি পোষ্টাল ব্যালটপেপার জমা পড়েছে। ভোট গণনার দিন সকাল ৮টা পর্যন্ত যে সমস্ত ব্যালট পেপার রিটার্নিং অফিসারদের অফিসে পৌঁছাবে সেই ব্যালটগুলিও গণনা করা হবে। এআরও'র টেবিলে প্রতিটি বিধানসভা আসনের পাঁচটি করে ভিভিপ্যাট গণনা করা হবে।

সর্বদলীয় বৈঠকে উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উষাজেন মগ ও শুভাশিস বন্দ্যোপাধ্যায় এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ।

***************************

**Train :**

আগরতলা লামডিং রুটে আজ থেকে রেল চলাচল শুরু হয়েছে। আজ সকালে হামসফর এক্সপ্রেস আগরতলা থেকে যাত্রা করে। আজ সকাল ছয়টা থেকে এই রুটে ট্রেন চলাচল শুরু হয়েছে বলে জানান আগরতলার স্টেশন মাস্টার চন্দ্রমোহন সাহু। গুয়াহাটিতে আটকে থাকা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসটি আজ আগরতলার উদ্দেশ্যে যাত্রা করেছে। আগামীকাল সকালে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস যথারীতি আগরতলা থেকে যাত্রা করবে। মধ্যপ্রদেশ থেকে কমলাবতী এক্সপ্রেসটিও আজ আগরতলায় এসে

পৌঁছাবে। আগামীকাল বিকেলে এটি মধ্য প্রদেশের উদ্দেশ্যে যাত্রা করবে বলেও তিনি জানান।

*******************************

**Inspection :**

রাজ্য পুলিশের আই,জি,পি, আইনশৃঙ্খলা সৌমিত্র ধর আজ বিকালে ঊনকোটি জেলা সদর কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের স্ট্রং রুম পরিদর্শন করেন। এখানেই রয়েছে লোকসভা নির্বাচনের জনরায়বন্দী ই ভি এম গুলি।এখানের যাবতীয় নিরাপত্তা বিষয় খতিয়ে দেখেন তিনি। পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন, ঊনকোটি জেলার পুলিশ সুপার কান্তা জানগির, অতিরিক্ত পুলিশ সুপার ভি দারলং প্রমুখ আধিকারিকরা।

**************************

**Soild and liquid waste Managment :**

পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তরের যৌথ উদ্যোগে আজ আগরতলায় স্বচ্ছ ভারত মিশনে কঠিন ও তরল বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে রাজ্যভিত্তিক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। মুখ্য সচিব জে কে সিনহা এই কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও স্বচ্ছ ভারত মিশনের এমডি জীতেন্দ্র শ্রীবাস্তব, পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে, নগর উন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, প্রখ্যাত জিমন্যাস্ট পদ্মশ্রী দীপা কর্মকার প্রমুখ। কর্মশালায় রাজ্যের ৮টি জেলার জেলাশাসকগণ, বিভিন্ন মহকুমার মহকুমা শাসকগণ ও বিভিন্ন ব্লকের বিডিওগণ অংশ

নেন। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন রাজ্যের স্বচ্ছ ভারত মিশনের এমডি রজত পন্থ।

কর্মশালায় স্বচ্ছ ভারত মিশন ও সলিড এন্ড লিকুইড ওয়েস্ট ম্যানেজমেন্টের বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশ নেন মুম্বাইয়ের ইনফরমেশন, অ্যাডুকেশন ও কমিউনিকেশনের প্রতিনিধি জে ভি আর মূর্তি, স্বাস্থ্য দপ্তরের অতিরিক্ত সচিব ব্রাহ্মিত কাউর, ন্যাশনাল প্রোডাক্টিভিটি কাউন্সিলের আঞ্চলিক অধিকর্তা কে ভি ভরদ্বাজ, কর্নাটকস্থিত কমিউনিটি ডেভেলপমেন্টের জেলা আধিকারিক সন্ধ্যা হরিব্যাল ও রোহিনী প্রদীপ।

***********************************

**BJYM Protest Rally :**

ভারতীয় জনতা যুব মোর্চা ত্রিপুরা প্রদেশ এর উদ্যোগে আজ আগরতলা শহরে এক প্রতিবাদ মিছিল সংঘটিত করা হয়। মিছিলটি প্রদেশ বিজেপি কার্যালয় থেকে শুরু হয়। শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর এই মিছিল প্যারাডাইস চৌমুহনিতে এসে শেষ হয়। মিছিলে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক শম্ভুলাল চাকমা, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, বিজেপি প্রদেশ যুব মোর্চার সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব, সহ-সভাপতি ভিকি প্রসাদ প্রমুখ। যুব মোর্চার সভাপতি সুশান্ত দেব জানান, রাজ্যে সরকারের বিরুদ্ধে বিরোধী দলগুলি অপপ্রচারের প্রতিবাদে এই মিছিল সংগঠিত করা হয়।

*****************************

**BJYM Rally-Bishalgarh :**

যুব মোর্চার উদ্যোগে আজ বিশালগড়েও অনুরূপ এক প্রতিবাদ মিছিল সংগঠিত করা হয়। মিছিলে উপস্থিত ছিলেন যুব মোর্চার রাজ্য সভাপতি বিধায়ক সুশান্ত দেব, মন্ডল যুব মোর্চার বিশালগড় মন্ডলের সভাপতি অনুরাগ চক্রবর্তী প্রমুখ।

*************************

**BJYM Rally-Santirbazar :**

শান্তিরবাজারেও যুব মোর্চার উদ্যোগে এই প্রতিবাদী মিছিল সংগঠিত হয়। মিছিলে নেতৃত্ব দেন বিজেপির শান্তিরবাজার মন্ডল সভাপতি শ্যামলাল দেবনাথ, তিপ্রা মথা নেতা গৌরব মগ চৌধুরী প্রমুখ।

***************************

**Election, 7th phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্যায়ের ভোটগ্রহণ আজ শেষ হয়েছে। এই পর্বে সাতটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৭টি সংসদীয় আসনের জন্য ভোটগ্রহণ করা হয়। এর মধ্যে রয়েছে উত্তরপ্রদেশ ও পাঞ্জাবের ১৩টি আসন, পশ্চিমবঙ্গের নয়টি, বিহারের আটটি, ওড়িশায় ছয়টি, হিমাচল প্রদেশের চারটি, ঝাড়খণ্ডের তিনটি এবং চণ্ডীগড়ের একটি আসন। শেষ খবর পাওয়া পর্যন্ত ভোটের হার ৫৯ %। সপ্তম পর্বের নির্বাচনে মোট ৯০৪জন প্রার্থীর মধ্যে রয়েছেন প্রধানমন্ত্রী ও বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি, বিজেপি নেতা অনুরাগ ঠাকুর, রবি শঙ্কর প্রসাদ এবং কঙ্গনা রানাউত, কংগ্রেস নেতা মনীশ তিওয়ারি ও বিক্রমাদিত্য সিং, আরজেডি নেতা মিসা ভারতী, এবং তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জি। অষ্টাদশ লোকসভা নির্বাচনে

পর্ব অনুযায়ী ভোটের হার এই রকম: প্রথম পর্বে ৬৬.১৪ %, দ্বিতীয় পর্বে ৬৬.৭১%, তৃতীয় পর্বে ৬৫.৬৮%, চতুর্থ পর্বে ৬৯.১৬%, পঞ্চম পর্বে ৬২.২%, ষষ্ঠ পর্বে ৬৩.৩৭%।

আজ একই সঙ্গে চতুর্থ দফায় ওড়িশা বিধানসভার বাকি ৪২টি আসনের জন্য ভোটগ্রহণ করা হয়। এছাড়াও, হিমাচল প্রদেশের ছয়টি, বিহার, উত্তরপ্রদেশ এবং পশ্চিমবঙ্গের একটি করে আসনের জন্য বিধানসভার উপনির্বাচন অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, সপ্তম পর্বের এই নির্বাচন গত ১৯শে এপ্রিল শুরু হয়। মোট সাতটি পর্বেরই ভোট গণনা হবে আগামী চৌঠা জুন মঙ্গলবার। এখন দেশজুড়ে লোকসভা নির্বাচনের ভোট গণনার প্রস্তুতি চলছে।

****************************

**Congress Meeting :**

আগরতলা কংগ্রেস ভবনে আজ প্রদেশ কংগ্রেসের কার্যকরী কমিটির সদস্যদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা জানিয়েছেন আগামী চৌঠা জুন লোকসভা কেন্দ্রের বিভিন্ন গণনা কেন্দ্রগুলিতে ইন্ডিয়া জোটের পক্ষে যে সমস্ত এজেন্টরা কাজ করবেন তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে নানা পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া জুন মাসে রাজ্যে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনে দলের ভূমিকা নিয়েও বিস্তারিত আলোচনা হয় বলে জানিয়েছেন শ্রী সাহা। বৈঠকে জেলা, ব্লক থেকে শুরু করে কংগ্রেসের বিভিন্ন শাখা সঙঘঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

*****************************

**Krishak Sova-Press Meet :**

সারা ভারত কৃষক সভার পক্ষ থেকে আজ রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহার কাছে এক ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশন শেষ এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের রাজ্য সম্পাদক পবিত্র কর বলেন, জল সেচের অভাবে এবছর রাজ্যে ধান উৎপাদন উল্লেখযোগ্য ভাবে হ্রাস পেয়েছে। জুমচাষীরা কাজের অভাবে আর্থিক সমস্যায় ভুগছেন। আজকের ডেপুটেশনে কৃষকদের সার্বিক সমস্যা সম্পর্কে মুখ্যসচিবকে অবহিত করা হয় বলে শ্রী কর জানান। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন কৃষক সভার নেতা প্রনব দেববর্মা ও রতন দাস প্রমুখ।

******************************

**Loss of Crop :**

অতিসম্প্রতি প্রবল বৃষ্টিপাত, নদীতে জলস্ফীতি ও নানাস্থানে জলমগ্নতার কারণে ঊনকোটি জেলা সদর কৈলাশহরে ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। প্রাথমিকভাবে কৃষি দফতরের তরফে ক্ষয়ক্ষতি নিরূপণ করা হয়েছে। বর্তমানে, ক্ষেত থেকে জল নেমে যাবার কারণে কৃষকরা কৃষিজমিতে প্রয়োজনীয় কাজ করে চলেছেন। অনেক স্থানে আউশ ধানের চারা মাঠেই বিনষ্ট হয়ে গেছে। অন্যদিকে, গ্রীষ্মকালীন সব্জি ও নানা জাতের শাকের ক্ষতি সাধিত হয়েছে। গ্রীষ্মকালীন সব্জির মধ্যে রয়েছে, ঝিঙ্গা, ঢেঁড়শ, শশা, করলা, কাঁচামরিচ ইত্যাদি। সবমিলিয়ে কৈলাশহর মহকুমার 900 জন কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছেন। কৃষি তত্ত্বাবধায়ক পরাগ রায়চৌধুরী আজ জানান, মহকুমার 22 হেক্টর জমির

আউশ ধানের চারা নষ্ট হয়েছে। মোট 166 হেক্টর জমির গ্রীষ্মকালীন শাক-সব্জীর ক্ষতি সাধিত হয়েছে।

****************************

**ARDD-Soanamura :**

পশু পালন গ্রামীণ অর্থনীতির এক অন্যতম বুনিয়াদ। তা মজবুত রাখতে সদা সচেষ্ট রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ দপ্তর। গত কয়েকদিন যাবৎ সোনামুড়া মহকুমা পশু হাসপাতালের উদ্যোগে মহকুমার বিভিন্ন গ্রামীন এলাকায় শুরু হয়েছে গবাদি পশুদের FMD ও LSD টিকাকরন কর্মসূচি। এই টিকাকরনের জন্য পশু পালকদের দ্বারে দ্বারে পৌঁছে যাচ্ছে সোনামুড়া মহকুমা পশু হাসপাতালের ভ্রাম্যমান প্রাণী চিকিৎসালয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের কর্মীরা গবাদি পশু পালকদের বাড়িতে গিয়েই প্রদান করছেন এই ২ টিকা। মূলত গরু ও ছাগলের মুখের বিভিন্ন রোগ প্রতিরোধে FMD প্রদান করা হয়ে থাকে। আর LSD টিকা দেওয়া হয় বসন্ত জাতীয় রোগ প্রতিরোধের জন্য। বছরে ২ থেকে ৩ বার এই প্রতিষেধকগুলি বিনামূল্যে প্রদান করা হয় বলে আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধিকে  জানিয়েছেন ARDD এসিস্টেন্ট তাজুল ইসলাম।

*************************

**Deputation-Sonamura :**

সারা ভারত কৃষক সভা, ক্ষেতমজুর ইউনিয়ন ও উপজাতি গণমুক্তি পরিষদের পক্ষ থেকে ৮ দফা দাবিতে আজ সোনামুড়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক এম কে চাকমার কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবিগুলি ছিল বিদ্যুৎ

পরিষেবার মানোন্নয়ন, গ্রামে-গঞ্জে অকেজো হয়ে পড়া পানীয়জল ও সেচের উৎসগুলির দ্রুত সংস্কার, ভিলেজ কমিটির নির্বাচন দ্রুত সম্পন্ন করা। ডেপুটেশনে উপস্থিত ছিলেন কৃষক সভার মহকুমা সভাপতি সুরেশ দাস, সম্পাদক আব্দুল করিম, ক্ষেত মজুর ইউনিয়নের নেতা দীনেশ দাস, নারায়ন চক্রবর্তী, বিষ্ণু ত্রিপুরা ও GMP নেতা রামচন্দ্র নোয়াতিয়া প্রমুখ।

***************************

**Heatwave :**

রাজস্থান, পাঞ্জাব, হরিয়ানা, চন্ডিগড়, দিল্লি, উত্তর প্রদেশ এবং মধ্যপ্রদেশের একাংশে তীব্র তাপপ্রবাহ চলছে। তাছাড়া হিমাচল প্রদেশ, বিদর্ভ, ছত্তিশগড়, ঝাড়খন্ড, বিহার ও অন্ধ্রপ্রদেশের উপকূলবর্তী অঞ্চলে  তাপ্রবাহ চলছে। গত ২৪ ঘন্টায় সারা দেশের মধ্যে সর্বোচ্চ তাপমাত্রা ছিল পশ্চিম উত্তর প্রদেশের কানপুরে ৪৮.২ ডিগ্রী সেলসিয়াস।

********************************

**First Division Cricket :**

ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরের আসরে চলমান সংঘ চ্যাম্পিয়ন ও কসমোপলিটন ক্লাব রানার্স হয়েছে। আসরের শেষ দুটি খেলা আজ ড্র হয়।

নরসিংগড়ের পিটিএ মাঠে দুদিনের খেলায় পোলস্টার ক্লাবের বিরুদ্ধে লিড নিয়ে ড্র করে চলমান সংঘ। ফলে তিন ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে খেতাব দখল করে। পোলস্টার ক্লাবে প্রথম ইনিংসের ৯২ রানের জবাবে দুদিনের খেলার শেষদিনে আজ চলমান সংঘ প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৯৯ রান করে। ১০৭

রানে পিছিয়ে থেকে পোলস্টার ক্লাব দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেটে ২৩৬ রান করে। ১২৯ রানে পিছিয়ে থেকে চলমান দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৩ উইকেটে ৪৩ রান করলে ম্যাচটি ড্র হয়।

এদিকে, এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত দুদিনের খেলায় কসমোপলিটন ক্লাবের বিরুদ্ধে লিড নিয়ে হার্ভে ক্লাব ড্র করে। হার্ভে ক্লাবের প্রথম ইনিংসের ২২৩ রানের জবাবে দুদিনের খেলার শেষ দিনে আজ  কসমোপলিটন ক্লাব ৩ উইকেটে ৭২ রান থেকে খেলতে নেমে প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৮৮ রান করে। ফলে লিড হাতছাড়া হয়। ৩৫ রানে এগিয়ে থেকে হার্ভে ক্লাব দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৮ উইকেটে ১৭১ রান করলে ম্যাচ ড্র হয়।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে।দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ সাঁইত্রিশ ডিগ্রি এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাঁইত্রিশ দশমিক দুই ডিগ্রি এবং সর্বনিম্ন আঠাশ ডিগ্রী সেলসিয়াস।

*********************************